অগ্রণী ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়, ঢাকা।
Website: www.agranibank.org

**দেশ ও জাতির সেবায় প্রতিশ্রুতিবদ্ধ**

বিজ্ঞপ্তি নং- ০৮/২০২৫ তারিখঃ ১৭/০৫/২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

"অগ্রণী ব্যাংক পিএলসি. এর জন্য নিম্নবর্ণিত শর্তাবলীতে চুক্তিভিত্তিক একজন খন্ডকালীন পরামর্শক (তথ্য প্রযুক্তি) নিয়োগের নিমিত্ত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম | খন্ডকালীন পরামর্শক (তথ্য প্রযুক্তি) |
|---|---|
| শিক্ষাগত যোগ্যতা | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/প্রকৌশল, পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান বা ইলেক্ট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই)-এ ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী অথবা আইসিটিতে ডিপ্লোমাসহ যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। |
| অভিজ্ঞতা | ১) তথ্য প্রযুক্তি খাতে কমপক্ষে ১২ (বারো) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া ব্যাংকিং-আইটি সম্পর্কিত কাজ যথাঃ আইটি পলিসি এন্ড প্ল্যানিং, ফিন্যান্সিয়াল নেটওয়ার্ক এন্ড অ্যাপলিকেশন, আইটি বিষয়ক বিভিন্ন প্রকার চুক্তিপত্র, ফিন্যান্সিয়াল ইনফরমেশন সিস্টেমস, সাইবার সিকিউরিটি টেকনোলোজি, পেমেন্ট টেকনোলোজি, ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>২) অনুমোদিত/নিবন্ধিত কোন কম্পিউটার সোসাইটির সদস্য/সহযোগী সদস্য হতে হবে।<br>৩) ভেন্ডর ব্যবস্থাপনা ও ক্রয় সংক্রান্ত অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪) বিভিন্ন অপারেটিং সিস্টেম (UNIX, Linux & Windows) পরিচালনার ক্ষেত্রে বাস্তব ও কারিগরি জ্ঞান থাকতে হবে।<br>৫) MS SQL Server, Oracle Database & Information Security সম্পর্কে বাস্তব ও কারিগরি জ্ঞান থাকতে হবে।<br>৬) Network System, Hardware, Web and Mobile Application, SAN Storage System, Tape Library, পরিকল্পনা, নকশা এবং রক্ষণাবেক্ষণের বাস্তব ও কারিগরি জ্ঞান থাকতে হবে।<br>৭) যে কোন ব্যাংকের Core Banking Solution (CBS) তদারকিকরণে বাস্তব ও কারিগরি জ্ঞান থাকতে হবে।<br>৮) ব্যাংকিং সিস্টেম যেমন- জেনারেল ব্যাংকিং, লোন/এ্যাডভান্স, রেমিটেন্স সিস্টেম, ফরেন ট্রেডিং, আন্তঃশাখা হিসাব সমন্বয়, ট্রেজারী ও পেমেন্ট সিস্টেম ইত্যাদির সাথে আইসিটি এর সমন্বয় বিষয়ক বাস্তব ধারণা থাকতে হবে।<br>৯) ব্যাংকিং জ্ঞানকে প্রযুক্তিগত জ্ঞানে রূপান্তরের ব্যবহারিক ও বাস্তব দক্ষতা থাকতে হবে।<br>১০) ব্যাংকিং ব্যবসার প্রয়োজনীয়তা অনুযায়ী দৈনন্দিন ব্যবস্থাপনার আলোকে System Design and Development এর অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।<br>১১) ব্যবসা বান্ধব এবং ইউজার-বান্ধব ব্যবসায়িক ধারণা উপস্থাপনের দক্ষতা থাকতে হবে। |
| বয়স | ০৪/০৬/২০২৫ তারিখে সর্বোচ্চ ৬০ বছর। |
| চুক্তির সময়কাল | ০১ (এক) বছর (পরবর্তীতে নবায়নযোগ্য)। |
| পারিশ্রমিক/ সম্মানী | কর্তৃপক্ষ কর্তৃক আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে। |

**আবেদন পদ্ধতিঃ**

(i) আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ; (ii) অর্জিত অভিজ্ঞতা সংক্রান্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে; iii) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/চেয়ারম্যান/কাউন্সিলর-এর নিকট হতে সম্প্রতি গৃহীত চারিত্রিক সনদপত্র; (iv) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে; (v) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষা, বোর্ড/বিশ্ববিদ্যালয়, বিভাগ/শ্রেণী/ সিজিপিএ, পাশের সালসহ), জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করতে হবে; (vi) ০৪/০৬/২০২৫ তারিখে বয়স, নিজ জেলার নাম, যোগাযোগের জন্য ফোন নম্বর, ই-মেইল ঠিকানা, বৈবাহিক অবস্থা, জাতীয়তা, ধর্ম ইত্যাদি উল্লেখ থাকতে হবে; (vii) চেয়ারম্যান/কাউন্সিলর-এর নিকট হতে গৃহীত নাগরিকত্ব সনদ (viii) খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে; (ix) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে; (x) পরীক্ষা/সাক্ষাৎকারের উদ্দেশ্যে যাতায়াতের জন্য ব্যাংক কর্তৃপক্ষ কোন প্রকার খরচ বহন করবে না; (xi) আবেদনপত্র এবং এর সাথে সংযুক্ত আনুষঙ্গিক একাডেমিক ও পেশাগত অভিজ্ঞতার কাগজপত্রাদি অবশ্যই ০৪/০৬/২০২৫ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, এইচআর প্ল্যানিং, ডিপ্লয়মেন্ট অ্যান্ড অপারেশনস্ ডিভিশন, অগ্রণী ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়, ৯/ডি, দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা বরাবর ডাকযোগে প্রেরণ করতে হবে; (xii) আবেদনপত্রের সাথে সংযুক্ত আনুষঙ্গিক কাগজপত্রাদি scan করে soft copy সমূহ gmadmin@agranibank.org এ e-mail এ অবশ্যই প্রেরণ করতে হবে; (xiii) সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না; (xiv) নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না; (xv) আবেদনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭ তারিখ-১২/০৫/২০২১ এর নির্দেশনা অনুসরন করতে হবে; (xvi) স্বাক্ষরবিহীন ও অসম্পূর্ন আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করা হবে এবং কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করে। উল্লেখ্য, এ পদের জন্য ইতোপূর্বে ১৪/০৪/২০২৫ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

**কার্যপরিধিঃ**

(১) তিনি ব্যাংকের বিভিন্ন ডিভিশন/বিভাগীয় কার্যালয়ের আইটি বিষয়ক উত্থাপিত প্রশ্নে/বিষয়ে সুচিন্তিত ও যুগোপযোগী মতামত প্রদান করবেন;

(২) সরকারি ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের আইসিটি পলিসি অনুযায়ি ব্যাংকের স্বল্প মেয়াদি, মধ্য মেয়াদি ও দীর্ঘ মেয়াদি আইটি স্ট্র্যাটেজি এবং প্ল্যান অব একশন প্রণয়নে মতামত প্রদান এবং প্রয়োজনানুযায়ী কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করতে হবে।

চলমান পাতা-২

(৩) Core Banking Solution (CBS) এর সাথে সংশ্লিষ্ট ডেলিভারী চ্যানেলের সমন্বয় সাধনের ব্যবস্থা গ্রহণ যেমন Mobile Financial Service (MFS), ATM & Card System, RTGS, SWIFT, BACH, BEFTN, POS, National Payment Switch (NPS), Internet Banking, SMS Banking, Agent Banking ইত্যাদি বিষয়ক সমন্বয় সাধন, আধুনিকায়ন বিষয়ে সুচিন্তিত মতামত প্রদান করবেন;

(৪) আইসিটি সিকিউরিটি নিশ্চিতকরণার্থে Data Center (DC), Disaster Recovery Site (DRS) ও অন্যান্য সার্ভার রুমের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় হার্ডওয়্যার সরবরাহ ও সিকিউরিটি সলিউশন বিষয়ক সুচিন্তিত মতামত প্রদান;

(৫) প্রধান কার্যালয় ও সকল শাখার সাথে DC, Near DC, Far DC I DRS এর সংযোগ স্থাপনকল্পে হাই স্পিড Network Connectivity (Internet Data) বিষয়ক সুচিন্তিত মতামত প্রদান;

(৬) ব্যাংকের প্রয়োজনীয় বিভিন্ন কম্পিউটার, হার্ডওয়্যার, নেটওয়ার্ক এবং ব্যান্ডউইথের সঠিকতা যাচাইকরণ;

(৭) ব্যাংকের সাইবার ঝুঁকি হ্রাসকল্পে উপযুক্ত সাইবার নিরাপত্তা পরিকল্পনা ও সার্বিক বাস্তবায়ন বিষয়ক মতামত প্রদান;

(৮) ব্যাংকে ক্লাউড কম্পিউটিং সিস্টেমের সম্ভাবনা যাচাই;

(৯) বাংলাদেশ ব্যাংকসহ মন্ত্রণালয় ও বিভিন্ন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক আইসিটি সিকিউরিটি গাইড লাইনস এর আলোকে বিভিন্ন পলিসি/সার্কুলার/নীতিমালা প্রণয়ন বিষয়ে সহযোগীতা ও সুচিন্তিত মতামত প্রদান;

(১০) ব্যাংকের আইটি সিস্টেমকে বাংলাদেশ ব্যাংক, বিশ্ব ব্যাংক এবং কমার্শিয়াল অডিটের সুপারিশ এর সাথে পূর্ণ কমপ্লায়েন্ট করণের ব্যবস্থা গ্রহণার্থে সহযোগীতা ও সুচিন্তিত মতামত প্রদান;

(১১) যথার্থ Business Continuity Plan (BCP) & Disaster Recovery Plan (DRP) প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগীতা ও যথার্থ মতামত প্রদান;

(১২) সরকারি নির্দেশনার আলোকে ব্যাংকের IT ক্ষেত্রে Key Performance Indicators (KPI) সংক্রান্ত মতামত প্রদান;

(১৩) সরকারি নীতিমালার আলোকে ই-নথি, e-gp, a2i, ইনোভেশন ইত্যাদি সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সহযোগীতা;

(১৪) ব্যাংকিং সিস্টেম যেমন জেনারেল ব্যাংকিং, লোন/ এ্যাডভান্স, লোকাল এবং ফরেন রেমিটেন্স, ফরেন ট্রেডিং, আন্তঃ শাখা হিসাব সমন্বয় ও ট্রেজারী ইত্যাদি আধুনিকায়নে সহযোগীতা ও সুচিন্তিত মতামত প্রদান;

(১৫) প্রয়োজনবোধে নির্ধারিত অফিস সময়ের পরেও তাকে অফিসে অবস্থান করতে হবে এবং প্রয়োজনানুসারে তার বাসায় জরুরী নথিপত্র মতামতের জন্য প্রেরণ করা হবে;

(১৬) ব্যাংকে নিযুক্ত থাকাকালে তিনি ব্যাংক কর্তৃক সেবা বা পণ্য গ্রহণকারী কোন প্রতিষ্ঠানের উপদেষ্টা বা অন্য কোন পদে কর্মরত থাকতে পারবেন না;

(১৭) তাকে প্রয়োজনবোধে বিভিন্ন সভা, সেমিনারে ব্যাংকের প্রতিনিধিত্ব করতে হবে এবং ব্যাংকের চাহিদা অনুযায়ী তথ্যাদি ও পরামর্শ প্রদান করতে হবে;

(১৮) ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অপরাপর দায়িত্ব ;

(১৯) ভেন্ডর প্রতিষ্ঠানসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চত করা;

(২০) আইটি ক্রয় সংক্রান্ত বিষয়ে সুচিন্তিত মতামত প্রদান করা;

**অন্যান্য বৈশিষ্ট্যঃ**

(ক) চারিত্রিক সংহতিঃ

(i) সংশ্লিষ্ট ব্যক্তি কোন ফৌজদারি আদালত কর্তৃক কখনো দন্ডিত হননি।

(ii) তিনি কোন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের কোন বিধিমালা, প্রবিধান বা নিয়মাচার কিংবা আইনের কোন বিধান লঙ্ঘনজনিত কারণে কখনো দন্ডিত হননি।

(iii) তিনি মানি লন্ডারিং, অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি ও নৈতিক স্খলনজনিত কর্মকান্ডে কখনও জড়িত ছিলেন না এবং উক্ত কারণে চাকুরী হতে বরখাস্ত হননি।

(iv) তিনি অর্থ আত্মসাৎ দুর্নীতি, জাল-জালিয়াতি ও নৈতিক স্খলনজনিত কারণে চাকুরী হতে বরখাস্ত হননি।

(খ) চাকুরীর রেকর্ডঃ

(i) চাকুরীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি উন্নত রেকর্ডের অধিকারী।

(ii) তিনি ব্যাংকিং কিংবা স্বীয় পেশায় দায়িত্ব পালনকালে কোনরূপ অবৈধ কর্মকান্ডে জড়িত ছিলেন না।

(গ) স্বচ্ছলতা ও আর্থিক সংহতিঃ

(i) সংশ্লিষ্ট ব্যক্তি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ঋণ খেলাপি নন।

(ii) তিনি কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হননি।

(ঘ) স্বার্থের দ্বন্দ্বঃ

(i) সংশ্লিষ্ট ব্যাংকের সাথে তাঁর ব্যবসায়িক কোন স্বার্থ জড়িত নেই।

(ii) তিনি নিজস্ব যোগ্যতায় বা অন্য কোন প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে অন্য কোন ব্যবসা প্রতিষ্ঠানের পরিচালক বা অন্য কোন পক্ষে অধিষ্ঠিত নন।

**নিয়োগের শর্ত সমূহঃ**

(১) চুক্তিভিত্তিক খন্ডকালীন পরামর্শক (তথ্য প্রযুক্তি) পদে চুক্তিপত্র সম্পাদনের তারিখ হতে ০২ (দুই) বৎসর মেয়াদে নিয়োগ প্রদান করা হবে। চুক্তিভিত্তিক নিয়োগের ১ম বছরের Performance পরিচালনা পর্ষদ কর্তৃক মূল্যায়নের পর ২য় বছরের মেয়াদ কার্যকর হবে।

(২) ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে তার কার্যক্রম পরিচালিত হবে এবং পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত ও চুক্তিপত্রে বর্ণিত টার্মস অব রেফারেন্স (TOR) অনুসারে তাকে দায়িত্ব পালন করতে হবে।

(৩) প্রশাসনিক কার্যক্রম ও সংশ্লিষ্ট নথিসমূহ দায়িত্বপ্রাপ্ত উপব্যবস্থাপনা পরিচালকের মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তা এর নিকট উপস্থাপন করতে হবে।

চলমান পাতা-৩

(৪) ব্যাংকের অফিস সময়সূচী মোতাবেক কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী দায়িত্ব পালন করতে হবে।

(৫) ব্যাংক কর্তৃক কোন প্রকার আবাসিক সুবিধা, গোষ্ঠী বীমা বা অন্য কোন প্রকারের বীমা সুবিধা, জিপিএফ/সিপিএফ বা অন্য কোন প্রকার আনুতোষিক সুবিধা প্রদান করা হবে না।

(৬) এ চুক্তিভিত্তিক নিয়োগ ব্যাংক কর্তৃক ০১ (এক) মাসের লিখিত নোটিশ প্রদান সাপেক্ষে বাতিল করা যাবে।

(৭) এ চুক্তিভিত্তিক নিয়োগ খন্ডকালীন পরামর্শক (তথ্য প্রযুক্তি) কর্তৃক ০৩ (তিন) মাসের লিখিত নোটিশ প্রদান সাপেক্ষে বাতিল করা যাবে।

(৮) সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত নীতিমালা ও গাইড লাইন অনুযায়ী তাকে কর্ম সম্পাদন করতে হবে।

(৯) খন্ডকালীন পরামর্শক (তথ্য প্রযুক্তি) হিসেবে এ ব্যাংকের আইটি অ্যান্ড এমআইএস ডিভিশন (আইটি) এর কর্ম পরিকল্পনার আলোকে কার্যাবলী সম্পাদন/সমন্বয় করতে হবে।

(১০) চুক্তিপত্র বা নিয়োগপত্রে বর্ণিত হয়নি এমন সব বিষয়ে অগ্রণী ব্যাংক পিএলসি. এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং পরিচালনা পর্ষদ/ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে আরোপিত অন্যান্য দায়িত্ব বা শর্তাবলী পরিপালনে তিনি বাধ্য থাকবেন।

মহাব্যবস্থাপক
এইচআর প্ল্যানিং, ডিপ্লয়মেন্ট অ্যান্ড অপারেশনস্ ডিভিশন
অগ্রণী ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়, ৯ডি দিলকুশা বা/এ
মতিঝিল, ঢাকা-১০০০।